গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন-শীর্ষক প্রকল্প
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

নং-৫৯.১২.০০০০.০০০.০০২.১৪.০০০৫.২৬-২৬৪

তারিখ: ২৯ কার্তিক ১৪৩৩ / ০২ নভেম্বর ২০২৬

"আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন-শীর্ষক প্রকল্পের অধীনে কস্ট সেন্টার নিপোর্ট-এর জন্য আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সরাসরি নিয়োগযোগ্য নিম্নলিখিত পদসমূহে বর্ণিত সাকুল্য বেতনে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এবং সরাসরি ক্রয় প্রক্রিয়া অনুসরণপূর্বক নিপোর্ট কর্তৃক ০২ ক্যাটাগরিতে ০৩ জন সেবাকর্মীর প্রকল্প মেয়াদ পর্যন্ত অস্থায়ী ভিত্তিতে সেবাক্রয়ের বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	সেবার ক্যাটাগরী	সাকুল্য মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	আইটি সেবা	১	বিশেষ সেবা-১	৪২,৯৭৮/-	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) প্রকল্প কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; (গ) যে কোন স্বীকৃত পেশাভিত্তিক কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য (Associate Membership) হতে হবে; এবং (ঘ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২	কম্পিউটিং সেবা	২	ক্যাটাগরী- ১	২০,২১২/-	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও সমমান ডিগ্রী; (খ) প্রকল্প কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; (গ) ইংরেজীতে প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপের দক্ষতা; এবং (ঘ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণীয়:

(১) আবেদনকারীকে অবশ্যই জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) কর্তৃপক্ষ প্রবর্তিত চাকুরির আবেদন ফরমে চাহিত প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আবেদন করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত আবেদন ফরমটি নিপোর্টের ওয়েবসাইট (https://niport.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

(২) আগামী ১২/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে লিখিত দরখাস্ত উপ-প্রকল্প পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন-শীর্ষক প্রকল্পের বরাবর ডাকযোগে কিংবা সরাসরি প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না।

(৩) আগামী ১২/১১/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে এবং শারীরিক ও মানসিক সক্ষমতাসম্পন্ন হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৪) দরখাস্তের খামের উপর প্রার্থীর পদ নাম উল্লেখ করতে হবে। দরখাস্তের সাথে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

(৫) চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

(৬) কেবলমাত্র নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ বিজ্ঞপ্তিতে উল্লিখিত চাকরির আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদন করতে পারবেন।

(৭) সমাপ্ত '৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর (HPNSP)' কর্মসূচির অধীনে কাজের অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীকে অগ্রাধিকার দেওয়া হবে।

CamScanner

(৮) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(৯) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

(১০) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, বিজ্ঞপ্তিতে উল্লিখিত মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।

(১১) কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

(১২) পরীক্ষায় অংগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের শর্টলিষ্ট এবং পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে নিপোর্ট ওয়েবসাইটে (https://niport.gov.bd) আপলোড করা হবে।

হিরো ধর
সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ও সহকারী প্রকল্প পরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের
কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন-শীর্ষক প্রকল্প, কস্ট সেন্টার নিপোর্ট
মোবাইল: ০১৮৩৩-৮২২৪৮২
ই-মেইল: herodhar2012@gmail.com

CamScanner

সত্যায়িত ছবি
পিনদ্বারা যুক্ত করুন

চাকুরির আবেদন ফরম

বরাবর

উপপ্রকল্প পরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের
কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন-শীর্ষক প্রকল্প, কস্ট সেন্টার নিপোর্ট
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
আজিমপুর, ঢাকা

১.	পদের নাম:						
২.	বিজ্ঞপ্তি নম্বর: ৫৯.১২.০০০০.০০০.০০২.১৪.০০০৫.২৬-			বিজ্ঞপ্তির তারিখ:			
৩.	প্রার্থীর নাম:	বাংলায়:					
		ইংরেজীতে (বড় অক্ষরে):					
৪.	জাতীয় পরিচয় পত্র নম্বর:						(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:						
৫.	জন্ম তারিখ:		৬.	জন্মস্থান (জেলা):			
৭.	বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর		মাস		দিন	
৮.	মাতার নাম:						
৯.	পিতার নাম:						
১০.	ঠিকানা:	বর্তমান		স্থায়ী			
	বাসা ও সড়ক (নাম/নম্বর):						
	গ্রাম/পাড়া/মহল্লা:						
	ইউনিয়ন/ওয়ার্ড:						
	ডাকঘর:						
	পোস্ট কোড নম্বর:						
	উপজেলা:						
	জেলা:						
১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:		হোয়াটসঅ্যাপ নম্বর:			
১২.	জাতীয়তা:		১৩.	লিঙ্গ:			
১৪.	ধর্ম:		১৫.	পেশা:			
১৬.	শিক্ষাগত যোগ্যতা:						

পরীক্ষার নাম	বিষয়/বিভাগ	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	জিপিএ/সিজিপিএ/শ্রেণি

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):	
১৮.	অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে; প্রয়োজ্য ক্ষেত্রে অতিরিক্ত কাগজ যুক্ত করা যেতে পারে):	

আমি এমর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: / /

প্রার্থীর স্বাক্ষর

CamScanner